



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.raajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- ০২/এস/২য় খন্ড/৫৬৬

তারিখ: ২৪/১১/২০২৪ খ্রি:

## বিজ্ঞপ্তি

বিষয় : বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্যদ গঠনে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র : ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫২ তারিখ: ১৮/১১/২০২৪ খ্রি:

২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩ তারিখ: ১৮/১১/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত-১ নং ক্রমিকের পত্রমূলে বিদ্যমান পরিস্থিতিতে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির প্রবিধানমালা-২০২৪' এর প্রবিধি ৬৪ (৩) এর 'স্থানীয় সংসদ সদস্যের সহিত আলোচনাক্রমে', শব্দাবলির কার্যকারিতা সম্ভব নয়। উক্ত প্রবিধানমালার প্রবিধি ৭৫ এর ক্ষমতাবলে প্রবিধি ৬৪ (৩) এর উক্ত শব্দাবলির স্থলে নিম্নরূপ শব্দাবলি প্রতিস্থাপন করা হলো :

বিদ্যমান শব্দাবলি	প্রতিস্থাপিত শব্দাবলি
৬৪ (৩)- সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্থানীয় সংসদ সদস্যের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩ (তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন।	৬৪ (৩)- সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, মহানগরীর ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/অন্যান্য ক্ষেত্রে জেলা প্রশাসকের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩ (তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন।

সূত্রোক্ত-২ নং ক্রমিকের পত্রমূলে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০২৪' এর প্রবিধি ৬৪ এর আওতায় এডহক কমিটি গঠনপূর্বক উক্ত এডহক কমিটি কর্তৃক আগামী ৬ (ছয়) মাসের মধ্যে নিয়মিত কমিটি গঠন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো।

এডহক কমিটি নিম্নোক্ত ৪ (চার) সদস্যবিশিষ্ট হবে, যথা-

(ক) সভাপতি-মহানগরীর ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/অন্যান্য ক্ষেত্রে জেলা প্রশাসকের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী;

(খ) শিক্ষক প্রতিনিধি-জেলা শিক্ষা কর্মকর্তা কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের মধ্য হইতে একজন শিক্ষক;

(গ) অভিভাবক প্রতিনিধি-জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন অভিভাবক; এবং

(ঘ) সদস্য সচিব-শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (পদাধিকারবলে)

উল্লেখ্য, বিদ্যমান কমিটিসমূহের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হবে তবে সংস্থা কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

*Rizaul Haq*  
২৪/১১/২৪

মহা: জিয়াউল হক

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

ফোন: ০২৫৮৮৮৫৫৭৬৮ (অফিস)

SCHOOL\_G/Rizaul- Ministry\_Managing\_Ovjo-32

24.11.24  
28/11/24  
28/11/24